

সংসদে প্রশ্নপত্র ফাঁস ও ডাক্তার ধর্মঘট প্রসঙ্গ

(বিশেষ সংবাদদাতা)

সংসদ নেতা ও শিক্ষা মন্ত্রণালয়ের
দায়িত্বে নিযুক্ত প্রধানমন্ত্রী শাহ
আজিজুর রহমান সোমবার জাতীয়
সংসদে বলেন যে, ঢাকা বোর্ডের
এইচএসসি পরীক্ষার নতুন ভাবিত্ব
শীঘ্রই ঘোষণা করা হবে।
প্রশ্নপত্র ফাঁস হওয়ার কারণে
ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষা
সোমবার থেকে স্থগিত ঘোষণা করার
ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে বিরোধী
দলের নেতা জনাব আসাদুজ্জামান
খান গতকাল সংসদের বৈঠকের শুরু-
তেই সরকারের পক্ষ থেকে এ
সম্পর্কে একটি বিবৃতি দাবী করেন।
তিনি ৪ জন অভিজ্ঞ চিকিৎসককে
অবসর প্রদানসহ অন্যান্য দাবী আদা

দের জন্য সোমবার থেকে দেশের
সকল মেডিক্যাল কলেজ ও হাস-
পাতালসমূহে প্রতীক ধর্মঘট পাল-
নের উল্লেখ করে এ সম্পর্কেও তিনি
সরকারের পক্ষ থেকে বিবৃতি দাবী
করেন।
সধানমন্ত্রী এইচএসসি পরীক্ষা
স্থগিত ঘোষণার ব্যাপারে বিরোধী
দলের নেতা যে উদ্বেগ প্রকাশ করেন সে
ব্যাপারে একমত প্রকাশ করে বলেন,
আমরা পরীক্ষা পদ্ধতির আমূল পরি-
বর্তন করতে চাই। তিনি বলেন,
প্রশ্নপত্র ফাঁস হলে পরীক্ষা বন্ধ করে
দেয়া ছাড়া অন্য পথ নেই। আমরা
খ্যা হয়ে পরীক্ষা বন্ধ করেছি।
(৩-এর পৃঃ ৪-এর কঃ দঃ)

ধর্মঘট প্রসঙ্গ

(১ম পৃঃ পর)

পরীক্ষা কেন্দ্রে সংখ্যা বৃদ্ধি পাও-
বার কারণেই পরীক্ষার এই দলীয়
শুরু হয়েছে বলে তিনি মনে করেন।
মেডিক্যাল কলেজ ও হাসপাতাল-
দের প্রতীক ধর্মঘট সম্পর্কে স্বাস্থ্য
মন্ত্রী যখন হাউসে আসবেন তখন
বিবৃতি দিবেন বলে তিনি জানান।
বিরোধী দলের কতিপয় সদস্য তখন
ডাঃ বদরুদ্দোজা চৌধুরীর প্রতি
ইঙ্গিত করে বলেন, হাউসে এখন
স্বাস্থ্য মহামন্ত্রী উপস্থিত আছেন।
ডাঃ চৌধুরী তখন দাঁড়িয়ে বলেন
যে এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রীই সর-
কারী বক্তব্য পেশ করবেন।
শুকাল সকালের বৈঠকে দিনের
কর্মসূচীতে প্রবেশের পূর্বেই বিরোধী
দলের নেতা ঢাকা বোর্ডের এইচ-
এসসি পরীক্ষা স্থগিতের বিষয়ে
স্পীকারের দৃষ্টি আকর্ষণ করে বলেন
যত বছরও পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস
হয়েছিল। এর জন্যে কারা দায়ী।
সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা নিয়ে
ছেন অবিলম্বে হাউসকে জানাতে
হবে। তিনি বলেন, এটা দেশের
পক্ষে অকল্যাণকর ও ক্ষতিকর।
দেশের মেডিক্যাল কলেজ ও হাস-
পাতালসমূহে প্রতীক ধর্মঘট পালন
সম্পর্কে তিনি বলেন ৪ জন অভিজ্ঞ
চিকিৎসককে তাদের চাকরির মেয়াদ
২৫ বৎসর পূর্ণ হয়েছে এই অজ-
হাতে বাধ্যতামূলকভাবে অবসর দেয়া
হয়েছে। কোন দেশে এমন নজীর
নেই। এর ফলে সারা দেশে কোভের
লুপ্তি হয়েছে। তিনি বলেন, ২৬
তারিখ থেকে পূর্ণ ধর্মঘটের কর্ম-
সূচী ঘোষণা করা হয়েছে। এর ফলে
সেভেজ পোহাতে হবে দেশের গরীব
ও সাধারণ মানুষকে।
নির্দলীয় সদস্যদের নেতা জনাব
এম এ হক সংসদে কাল একটি অধি-
কার প্রস্তাব উত্থাপন করলে তা

স্ট্যান্ডিং কমিটিতে প্রেরণ করা হয়।
অধিবেশন থেকে কিছুদিন পূর্বে যারা
খাদ পড়েছেন তাদের কয়েকজন
সম্পর্কে একটি বিদেশী সাম্প্রতিক
পত্রিকায় যে মন্তব্য করা হয়েছে তার
বিরুদ্ধে তিনি এই অধিকার প্রস্তাব
উত্থাপন করেন।
যত ১৪ই জুন বিমানের রাইট
বাড়িল সম্পর্কিত অধিকার প্রস্তাব
নিয়ে তর্কবিতর্কের সময় সংসদ নেতা
মওলানা মান্নানকে কথা বলার নির্দেশ
দিয়ে স্পীকারের ক্ষমতার ওপর হস্ত
ক্ষেপ করেছেন বলে জামদের জনাব
মাহবুব রব সাদী অভিযোগ করেন।
তিনি সংসদ নেতার উক্ত বক্তব্য
কার্যবিবরণী হতে বাদ দেয়ার অন-
ুরোধ করেন। উত্তরে ডেপুটি স্পীকার
সকলকে স্পীকারের মর্মান্দা রক্ষা
করার আহ্বান জানান।